



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট



স্মারক নং- রেজিঃ/২৮(১২)/৫/১৭৫

তারিখঃ ২০ জুন, ২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর জন্য নিম্নোক্ত পদে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	দপ্তর/বিভাগ	পদের নাম	সংখ্যা	বেতন স্কেল
০১	মেডিকেল সেন্টার	ফার্মাসিস্ট	০১ (এক) টি	১২৫০০-৩০২৩০/=
০২	রসায়ন বিভাগ	ল্যাব. সহকারী	০১ (এক) টি	৯৭০০-২৩৪৯০/=
০৩	রসায়ন বিভাগ	অফিস এটেনডেন্ট	০১ (এক) টি	৯০০০-২১৮০০/=

যোগ্যতা ও অভিজ্ঞতা :

ফার্মাসিস্ট:

ফার্মাসিস্ট ডিপ্লোমাসহ বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা।

বয়স: সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর।

ল্যাব সহকারী:

ক) প্রার্থীকে এইচএসসি (বিজ্ঞান) পাশসহ ০২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে/ ট্রেড সার্টিফিকেটধারী (০১ বছর মেয়াদী) হতে হবে।

খ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং-এ ইংরেজি এবং বাংলা টাইপিংয়ে প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ২০টি শব্দ গতিসহ এমএস অফিসের বিভিন্ন প্রোগ্রামে জ্ঞান সম্পন্ন হতে হবে।

গ) শিক্ষা জীবনে সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/ সমমান গ্রেড থাকতে হবে।

বয়স: সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর।

অফিস এটেনডেন্ট:


এসএসসি ২য় বিভাগে পাশসহ সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর।

আবেদনপত্র জমাদান:

রেজিস্ট্রারের অনুকূলে সিলেট শহরের যে কোন তফশিলী ব্যাংকের শাখার উপর ০১ ও ২ নং পদের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং ০৩ নং পদের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার এমআইসিআর ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়), পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি, সকল সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ৮ সেট দরখাস্ত আগামী ০৮ জুলাই, ২০২১ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে পৌঁছাতে হবে। আবেদন ফরম অফিস চলাকালীন রেজিস্ট্রার দপ্তর থেকে সরাসরি অথবা ১০ (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকিটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.sust.edu) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট পদের নাম উল্লেখ করতে হবে। ডাক যোগাযোগজনিত বিলম্বের কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না/বিবেচনা করা হবে না।

অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।


(মুহাম্মদ ইশফাকুল হোসেন)
রেজিস্ট্রার

স-১৫৬০(৮×৩)